গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-৮২/২০১৯-২০২০
ঢাকা, ১৭ অক্টোবর বৃহস্পতিবার ২০১৯, ০১ কার্তিক ১৪২৬
আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। জাতীয় সংসদের পঞ্চম অধিবেশন শুরু হচ্ছে ৭ নভেম্বর
২। রাষ্ট্রপতির সঙ্গে সৌজন্য সাক্ষাৎ প্রধানমন্ত্রীর
৩। রাষ্ট্রপতির সঙ্গে বঙ্গবন্ধু এভিয়েশন বিশ্ববিদ্যালয়ের ভিসির সাক্ষাৎ
৪। পুনরায় চালু হবে বন্ধ রেললাইন : কুড়িগ্রাম এক্সপ্রেসের উদ্বোধনকালে প্রধানমন্ত্রী
৫। প্রধানমন্ত্রীর সঙ্গে এডিবি প্রতিনিধিদলের সাক্ষাৎ
৬। আগামী মাসে কলকাতায় অনুষ্ঠিতব্য বাংলাদেশ-ভারত টেস্ট ম্যাচের উদ্বোধনীতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সাথে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে আমন্ত্রণ জানানো হয়েছে
৭। অন্তর্ভুক্তিমূলক উন্নয়ন নিশ্চিত করতে হবে : বেলগ্রেডে স্পিকার
৮। শান্তি শৃঙ্খলার স্বার্থে যখন যে পদক্ষেপ প্রয়োজন তা নেয়া হবে :
নবনির্মিত রামগড় মডেল থানা উদ্বোধন অনুষ্ঠানে স্বরাষ্ট্রমন্ত্রী
৯। আবরার হত্যা মামলা পরিচালনায় পৃথক প্রসিকিউশন টিম হবে : আইনমন্ত্রী
১০। অন্যায় দূর না হলে দারিদ্র্য দূর হবে না : পরিকল্পনামন্ত্রী
১১। নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে সচেতন হওয়ার তাগিদ
উদ্বৃত্ত খাদ্য রপ্তানির জন্য বাজার খুঁজছি : বিশ্ব খাদ্য দিবসের অনুষ্ঠানে খাদ্যমন্ত্রী
১২। বৈশ্বিক ক্ষুধা ও অপুষ্টির সূচকে বাংলাদেশের অবস্থান ৮৮তম
পাকিস্তান, ভারতের চেয়ে এগিয়ে বাংলাদেশ

চলমান পাতা-২

**১।	জাতীয় সংসদের পঞ্চম অধিবেশন শুরু হচ্ছে ৭ নভেম্বর**

চলতি একাদশ জাতীয় সংসদের পঞ্চম অধিবেশন শুরু হতে যাচ্ছে আগামী ৭ নভেম্বর রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ গতকাল (১৬ অক্টোবর বুধবার) সাংবিধানিক ক্ষমতাবলে এ অধিবেশন আহ্বান করেছেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **ডেইলি সান** (শেষ পৃ,ক.৫), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৫)।

**২।	রাষ্ট্রপতির সঙ্গে সৌজন্য সাক্ষাৎ প্রধানমন্ত্রীর**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল (১৬ অক্টোবর বুধবার) প্রধানমন্ত্রী বঙ্গভবনে পৌঁছলে রাষ্ট্রপতি তাঁকে স্বাগত জানান। রাষ্ট্রপতির প্রেস সচিব জয়নাল আবেদীন জানান, সাক্ষাতের সময় প্রধানমন্ত্রী তাঁর সাম্প্রতিক যুক্তরাষ্ট্র ও ভারত সফর সম্পর্কে রাষ্ট্রপতিকে অবহিত করেন। দুটি সফর সম্পর্কে পৃথক দুটি প্রতিবেদন এ সময় রাষ্ট্রপতির কাছে হস্তান্তর করেন প্রধানমন্ত্রী। প্রধানমন্ত্রী সন্ধ্যা ৭টায় বঙ্গভবনে পৌঁছলে রাষ্ট্রপতি ও তাঁর স্ত্রী ফুলের তোড়া দিয়ে তাঁকে অভ্যর্থনা জানান। প্রধানমন্ত্রীও রাষ্ট্রপতিকে একটি ফুলের তোড়া উপহার দেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ,ক.৫)।

**৩।	রাষ্ট্রপতির সঙ্গে বঙ্গবন্ধু এভিয়েশন বিশ্ববিদ্যালয়ের ভিসির সাক্ষাৎ**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এয়ার ভাইস মার্শাল এএইচএম ফজলুল হক। গতকাল (১৬ অক্টোবর বুধবার) তিনি বঙ্গভবনে সাক্ষাৎ করতে যান। সাক্ষাতের সময় উপাচার্য জানান, আগামী জানুয়ারিতে শিক্ষা কার্যক্রম শুরু হবে। শুরুতে দুই বিষয়ে স্নাতকোত্তর ও তিন বিষয়ে স্নাতক কোর্স চালু হবে। এ সময় রাষ্ট্রপতি বলেন, বর্তমান যুগের প্রেক্ষাপটে দক্ষ জনশক্তির বিকল্প নেই। এ বিশ্ববিদ্যালয় যুগের সঙ্গে তাল মিলিয়ে দক্ষ মানবসম্পদ সৃষ্টিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। সূত্র-**বণিক বার্তা** (পৃ.৬,ক.৫), **অবজারভার** (পৃ.৩,ক.১)।

**৪।	পুনরায় চালু হবে বন্ধ রেললাইন : কুড়িগ্রাম এক্সপ্রেসের উদ্বোধনকালে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, উত্তরবঙ্গে যেসব রেললাইন বন্ধ ছিল, সেগুলো চালু করা হয়েছে। এ ছাড়া ১৯৬৫ সালে পাক-ভারত যুদ্ধের পর বাংলাদেশ ও ভারতের মধ্যে যেসব রুটে রেল যোগাযোগ বন্ধ হয়ে গিয়েছিল, সেগুলো পুনরায় চালু করা হবে। এ লাইনগুলো ফের চালু হলে যোগাযোগ ব্যবস্থার উন্নয়নের পাশাপাশি বাংলাদেশ রেলওয়ে আরও লাভবান হবে। যেসব এলাকায় রেল যোগাযোগ ছিল না, সেসব জায়গায়ও রেল যোগাযোগ স্থাপন করে দেওয়া হচ্ছে। দক্ষিণবঙ্গসহ সারাদেশই রেল যোগাযোগের আওতায় নিয়ে আসা হবে। গতকাল (১৬ অক্টোবর বুধবার) গণভবন থেকে ভিডিও কনফারেন্সে ঢাকা-কুড়িগ্রাম-ঢাকা রুটে প্রথম আন্তঃনগর ট্রেন চালু এবং রংপুর এক্সপ্রেস ও লালমনি এক্সপ্রেসের র‍্যাক প্রতিস্থাপনের উদ্বোধন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। এছাড়া প্রধানমন্ত্রী ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে ময়মনসিংহ-গফরগাঁও টোক সড়কে বানার নদীর ওপর সেতু, ঢাকা-চট্টগ্রাম-কক্সবাজার মহাসড়কের ইন্দ্রপুল থেকে চক্রশালা পর্যন্ত বাঁক সরলীকরণ, সাতক্ষীরা শহর বাইপাস সড়ক, ঢাকা-সিলেট মহাসড়কের ভুলতায় চার লেনবিশিষ্ট ফ্লাইওভার, মুন্সীগঞ্জের ঝুঁকিপূর্ণ ১৩টি সেতু স্থায়ী কংক্রিট সেতু দ্বারা প্রতিস্থাপনের উদ্বোধন করেন। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **ডেইলি সান** (শেষ পৃ,ক.২), **অবজারভার** (শেষ পৃ,ক.৬)।

**৫।	প্রধানমন্ত্রীর সঙ্গে এডিবি প্রতিনিধিদলের সাক্ষাৎ**

বাংলাদেশকে নির্ভরযোগ্য উন্নয়ন অংশীদার বলে উল্লেখ করেছে এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)। সংস্থাটি বলেছে, ব্যাংকটি উন্নয়ন অংশীদার হিসেবে বাংলাদেশের পাশে থাকবে। এডিবির একটি উচ্চপর্যায়ের প্রতিনিধিদল গতকাল (১৬ অক্টোবর বুধবার) গণভবনে প্রধানমন্ত্রীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎকালে এ মন্তব্য করে। প্রধানমন্ত্রী বলেন, তাঁর সরকার গ্রামীণ জনগোষ্ঠী এবং পল্লী এলাকাকে দেশের সার্বিক উন্নয়নের কেন্দ্রবিন্দু হিসেবে অগ্রাধিকার দিয়েছে। তিনি বলেন, আমরা ক্ষমতায় আসার আগেই কিছু নীতি-কৌশল প্রণয়ন করেছি। এখন সেগুলো বাস্তবায়ন করছি। তাঁর সরকার উন্নয়নকাজ ত্বরান্বিত করতে কঠোর পরিশ্রম করে যাচ্ছে। সূত্র-**সমকাল** (পৃ.১৭,ক.৩),**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৬)।

**৬। আগামী মাসে কলকাতায় অনুষ্ঠিতব্য বাংলাদেশ-ভারত টেস্ট ম্যাচের উদ্বোধনীতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সাথে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে আমন্ত্রণ জানানো হয়েছে**

আগামী নভেম্বর কলকাতায় ইডেন গার্ডেনে বাংলাদেশ–ভারত টেস্ট ম্যাচের উদ্বোধন অনুষ্ঠানে বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে উপস্থিত থাকার আমন্ত্রণ জানিয়েছেন ভারতীয় ক্রিকেট বোর্ডের নবনিযুক্ত প্রেসিডেন্ট সৌরভ গাঙ্গুলি। আমন্ত্রণ জানানো হয়েছে, ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকেও। ২২ নভেম্বর এ টেস্ট ম্যাচ শুরু হবে। গতকাল (১৬ অক্টোবর বুধবার) সৌরভ গাঙ্গুলি বলেন, দুই প্রধানমন্ত্রীকে আমন্ত্রণ জানিয়েছি। কিন্তু বাংলাদেশ বা ভারতের প্রধানমন্ত্রীর দপ্তর থেকে এখনো কিছু জানানো যায়নি। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৩)।

**৭। অন্তর্ভুক্তিমূলক উন্নয়ন নিশ্চিত করতে হবে : বেলগ্রেডে স্পিকার**

জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, শুধু অর্থনৈতিক উন্নয়ন করলেই হবে না, অন্তর্ভুক্তিমূলক অর্থনৈতিক উন্নয়ন নিশ্চিত করতে হবে। অসমতা দূর করে সমতাভিত্তিক বিশ্ব গড়তে আইপিইউ সদস্যভুক্ত রাষ্ট্রগুলোর সংসদসমূহ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। গত ১৫ অক্টোবর মঙ্গলবার সার্বিয়ার বেলগ্রেডে ১৪১তম আইপিইউ সম্মেলনে ‘স্পিকার্স ডায়ালগ অন গভর্ন্যান্স : ইকোনমি অ্যান্ড ডেভেলপমেন্ট’ শীর্ষক অধিবেশনে বক্তব্যে তিনি এসব কথা বলেন। স্পিকার বলেন, সামগ্রিক টেকসই উন্নয়ন বাস্তবায়নে নারী সমাজকে পিছিয়ে রাখলে চলবে না। দারিদ্র্যের বলয় থেকে নারীদের বের করে আনতে হবে। পৃথিবীর অর্ধেক জনসমষ্টি নারীদের অবহেলা না করে তাদের অর্থনীতির মূল স্রোতধারায় সম্পৃক্ত করতে হবে। তবেই অন্তর্ভুক্তিমূলক অর্থনৈতিক উন্নয়ন কার্যকর হবে। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৫), **সংবাদ** (পৃ.২,ক.২), **ডেইলি সান** (পৃ.২,ক.২), **এশিয়ান এজ** (শেষ পৃ,ক.৭)।

**৮। শান্তি শৃঙ্খলার স্বার্থে যখন যে পদক্ষেপ প্রয়োজন তা নেয়া হবে : নবনির্মিত রামগড় মডেল থানা উদ্বোধন অনুষ্ঠানে স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, সারাদেশে সন্ত্রাস ও দুর্নীতির বিরুদ্ধে অভিযান চলছে। দেশে স্থিতিশীলতা বজায় রাখা এবং শান্তি শৃঙ্খলার স্বার্থে যখন যে ধরনের পদক্ষেপ প্রয়োজন সে ধরনের পদক্ষেপ নেয়া হবে। গতকাল (১৬ অক্টোবর বুধবার) খাগড়াছড়ি রামগড় উপজেলায় নবনির্মিত রামগড় মডেল থানা ভবন উদ্বোধন শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি একথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৮), **সমকাল** (পৃ.৪,ক.৪)।

**৯। আবরার হত্যা মামলা পরিচালনায় পৃথক প্রসিকিউশন টিম হবে : আইনমন্ত্রী**

আইনমন্ত্রী আনিসুল হক বলেছেন, বুয়েট ছাত্র আবরার হত্যা মামলা পরিচালনার জন্য পৃথক প্রসিকিউশন টিম গঠন করা হবে। তিনি বলেন, এ হত্যা মামলার অভিযোগপত্র দাখিলের সঙ্গে সঙ্গে দায়িত্ব বর্তাবে আদালত ও প্রসিকিউশন সার্ভিসের উপর। এ দায়িত্ব কার উপর ন্যস্ত করা হবে, কাকে দিয়ে এ মামলা পরিচালনা করলে ভালো হবে এ ব্যাপারে একটি টিম তৈরি করে দেওয়ার ব্যাপারে আইন মন্ত্রণালয় কাজ করছে। অভিযোগপত্র দেওয়ার সঙ্গে সঙ্গেই এ মামলাটির বিচার প্রক্রিয়া এগিয়ে নেয়ার জন্য প্রসিকিউশনকে বলেছি। গতকাল (১৬ অক্টেবর বুধবার) সচিবালয়ে ইউরোপীয় ইউনিয়নের সংযুক্ত প্রতিনিধিদলের সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে আইনমন্ত্রী এসব কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.৬), **নিউ নেশন** (পৃ.১,ক.১)।

**১০। অন্যায় দূর না হলে দারিদ্র্য দূর হবে না : পরিকল্পনামন্ত্রী**

পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান বলেছেন, আমাদের সমাজে অন্যায় জেঁকে বসেছে। ফলে দারিদ্র্য পুরোপুরি শেষ হচ্ছে না। অন্যায়গুলো দূর না হলে দারিদ্র্য দূর হবে না। গতকাল (১৬ অক্টোবর বুধবার) আগারগাঁওয়ে পরিসংখ্যান ভবনের মিলনায়তনে আয়োজিত আন্তর্জাতিক সূচকবিষয়ক জাতীয় কর্মশালার উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। পরিকল্পনামন্ত্রী বলেন, দারিদ্র্যের যে কারণগুলো, সেগুলো পরিষ্কার। হঠাৎ করেই এরা দরিদ্র হননি, প্রতিনিয়ত আমরা তাদের আরো দরিদ্র করছি। আইনের মাধ্যমেই করছি। তিনি উদাহরণ দিয়েছেন, গ্রামের ক্ষুদ্র জলাশয়গুলোতে দরিদ্র মানুষ ছোট ছোট মাছ ধরত, কিন্তু আইন করে আমরা এগুলো ইজারা দিচ্ছি। ফলে দরিদ্র মানুষ বঞ্চিত হচ্ছে। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **সংবাদ** (শেষ পৃ,ক.১)।

**১১। নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে সচেতন হওয়ার তাগিদ**

**উদ্বৃত্ত খাদ্য রপ্তানির জন্য বাজার খুঁজছি : বিশ্ব খাদ্য দিবসের অনুষ্ঠানে খাদ্যমন্ত্রী**

নিরাপদ ও পুষ্টিমানের খাবার নিশ্চিতের জন্য দেশের জনগণকে সচেতন হওয়ার আহ্বান জানিয়েছেন খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার। তিনি বলেন, শুধু আইন দিয়ে এবং সরকার চেষ্টা করলেই নিরাপদ খাদ্য নিশ্চিত করা যাবে না, এজন্য জনগণকেও সচেতন হতে হবে। গতকাল (১৬ অক্টোবর বুধবার) ফার্মগেটের কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ (কেআইবি) মিলনায়তনে বিশ্ব খাদ্য দিবস উপলক্ষে আয়োজিত এক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। খাদ্যমন্ত্রী বলেন, খাদ্য উৎপাদন, সংগ্রহ ও বিপণন ব্যবস্থার উন্নয়নের মাধ্যমে জনগণের শতভাগ পুষ্টিমানের খাবার নিশ্চিত করে অচিরেই আমরা মধ্যম আয়ের দেশে উন্নীত হব। তিনি বলেন, দেশ আজ দানাদার খাদ্যে স্বয়ংসম্পূর্ণ। অনেক ক্ষেত্রে উদ্বৃত্তও থাকছে। আমরা এ উদ্বৃত্ত খাদ্য রপ্তানির জন্য বাজার খুঁজছি। আমাদের কৃষি এখন বিশ্বের অন্যতম রোল মডেল। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৩,ক.৭), **সংবাদ** (শেষ পৃ,ক.৪), **ডেইলি সান** (পৃ.৩,ক.২), **অবজারভার** (পৃ.৮,ক.২)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক : স্পিনিং** তথা টেক্সটাইলের একশ্রেণির ব্যবসায়ী বন্ড সুবিধার অপব্যবহার করে চলেছে উল্লেখ করে বন্ড জালিয়াতি বন্ধ করতে না পারলে দেশের সুতা এবং কাপড় শিল্পে মারাত্মক ধস নেমে আসবে বলে মতপ্রকাশ।

খ. **বণিক বার্তা :** ইউনিসেফের জরিপের তথ্যমতে বাংলাদেশে স্কুলগামীদের এখনো ১৮ শতাংশ রোগা-পাতলা উল্লেখ করে পুষ্টিহীনতা দূরীকরণে কার্যকর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

গ. **যায়যায়দিন :** বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে র‌্যাগিংয়ের নামে ভয়াবহ শিক্ষার্থী নির্যাতনের বিরুদ্ধে কার্যকর উদ্যোগ নেওয়ার সুপারিশ।

ঘ. **ভোরের কাগজ :** রাজধানীতে আরো দুটি রুটে মেট্রোরেল স্থাপনের উদ্যোগ নিয়েছে সরকার উল্লেখ করে জনভোগান্তি বিবেচনায় নিয়ে প্রকল্পগুলো যথাসময়ে বাস্তবায়নের ওপর গুরুত্বারোপ।

ঙ. **ইন্ডিপেনডেন্ট :** দেশে ইয়াবার আগ্রাসন ভয়াবহ আকার ধারণ করেছে উল্লেখ করে ইয়াবার সাথে সাথে অন্যান্য মাদকের বিস্তার রোধে সীমান্তে কঠোর নজরদারির সুপারিশ।

চ. **নিউ নেশন** : পেঁয়াজের মূল্যবৃদ্ধি রোধে যথাযথ পদক্ষেপ কামনা।

**নিবন্ধ ও ফিচার**

**ইনকিলাব** পত্রিকায় প্রকাশিত **'কৃষি জমি রক্ষায় সরকারকে কঠোর হতে হবে'** শিরোনামের নিবন্ধে প্রয়োজনীয় পরিমাণ কৃষিজমি ও সার্বিক অর্থনৈতিক উন্নয়নের ওপর গুরুত্বারোপ করা হয়েছে।

#

ডালিয়া/মরজিনা/সেলিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৯/৯.০০ঘণ্টা